

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩৭৫

৫/ সালাত কায়ম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৮৬. বাড়িতে নফল সালাত পড়া।

بَاب مَا جَاءَ فِي التَّطَوُّعِ فِي الْبَيْتِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ، عَنْ طَارِقٍ، عَنْ عَاصِمِ بْنِ عَمْرٍو، قَالَ خَرَجَ نَفَرٌ مِنْ أَهْلِ الْعِرَاقِ إِلَى عُمَرَ فَلَمَّا قَدِمُوا عَلَيْهِ قَالَ لَهُمْ مِمَّنْ أَنْتُمْ قَالُوا مِنْ أَهْلِ الْعِرَاقِ . قَالَ فَبِإِذْنٍ جِئْتُمْ قَالُوا نَعَمْ . قَالَ فَسَأَلُوهُ عَنْ صَلَاةِ الرَّجُلِ فِي بَيْتِهِ . فَقَالَ عُمَرُ سَأَلْتُ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَقَالَ " أَمَّا صَلَاةُ الرَّجُلِ فِي بَيْتِهِ فَتُورُ فَنُورُوا بِبُيُوتِكُمْ " .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي الْحُسَيْنِ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ، قَالَ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو، عَنْ زَيْدِ بْنِ أَبِي أَنَيْسَةَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَاصِمِ بْنِ عَمْرٍو، عَنْ عُمَيْرٍ، مَوْلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، عَنِ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - نَحْوَهُ .

বাংলা

১/১৩৭৫। আসেম ইবনু আমর (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইরাকের একটি প্রতিনিধি দল উমার (রাঃ) এর সাথে সাক্ষাতের জন্য রওয়ানা হলেন। তারা তার নিকট উপস্থিত হলে তিনি তাদের বলেন, তোমরা কারা? তারা বললো, ইরাকীদের পক্ষ থেকে। তিনি বলেন, তোমরা অনুমতি নিয়ে এসেছো কি? তারা বললো, হ্যাঁ। রাবী বলেন, তারা তাকে কোন ব্যক্তি তার ঘরে (নফল) সালাত (নামায/নামাজ) পড়া সম্পর্কে জিজ্ঞেস করলো। উমার (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলে তিনি বলেনঃ কোন ব্যক্তির ঘরে সালাত পড়া হলো নূর (আলো)। অতএব তোমরা তোমাদের ঘরকে আলোকিত করো।

১/১৩৭৫ (১) মুহাম্মাদ ইবনু আবুল হুসায়ন, আবদুল্লাহ ইবনু জাফার, উবায়দুল্লাহ ইবনু আমর, যায়দ ইবনু আবু উনাইসাহ, আবু ইসহাক, আসিম ইবনু আমর, উমায়র মাওলা উমার ইবনুল খাত্তাব, উমার (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত হয়েছে।

English

It was narrated that 'Asim bin 'Amr said:
 "A group from the people of 'Iraq came to 'Umar and when they came to him, he said to them: 'Where are you from?' They said: 'From the inhabitants of 'Iraq.' He said: 'Have you come with permission?' They said: 'Yes.' Then they asked him about a man's prayer in his house. 'Umar said: 'I asked the Messenger of Allah (ﷺ) and he said: "As for a man's prayer in his house, it is light, so illuminate your houses.'"" Another chain with similar wording.

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিভাহ: আহমাদ ৮৭

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: তালীকুর রগীব ১৫৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16069>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন